

# ‘জয় বাংলা’ স্লোগান দেওয়ায় ১০ শিক্ষার্থীর ক্লাস কার্যক্রম স্থগিত

আবদুল কাদির মোল্লা সিটি কলেজ



ফাইল ছবি

নরসিংদী প্রতিনিধি

প্রকাশ: ২০ জুলাই ২০২৫ | ২১:৪৮ | আপডেট: ২০ জুলাই ২০২৫ | ২১:৫৪



নরসিংদীর আবদুল কাদির মোল্লা সিটি কলেজে ‘জয় বাংলা’ স্লোগান দেওয়ায় ১০ শিক্ষার্থীর ক্লাস কার্যক্রম স্থগিত করেছে কলেজ কর্তৃপক্ষ। রোববার কলেজে জাতীয়তাবাদী ক্ষমক দলের আয়োজনে বৃক্ষরোপণ কর্মসূচি পালনকালে একদল ছাত্র ‘জয় বাংলা, জয় বঙ্গবন্ধু’ স্লোগান দেন। এ ঘটনায় উপস্থিত নেতাকর্মী ও শিক্ষার্থীদের মধ্যে উত্তেজনার সৃষ্টি হয়।

পরিস্থিতি সামাল দিতে ১০ শিক্ষার্থীর ক্লাস কার্যক্রম আগামী ২৫ জুলাই পর্যন্ত স্থগিত রাখার সিদ্ধান্ত নেয় কলেজ কর্তৃপক্ষ। পাশাপাশি তিনি সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। অভিযুক্ত শিক্ষার্থীদের অভিভাবকসহ আগামী শনিবার কলেজে উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

কলেজের অধ্যক্ষ হেরেম উল্যাহ আহসান বলেন, এ কলেজে কোনো রাজনীতি চর্চা করতে দেওয়া হয় না। এ অবস্থায় ছাত্ররা কেন রাজনৈতিক স্লোগান দেবে। এরই পরিপ্রেক্ষিতে প্রাথমিকভাবে অভিযুক্ত শিক্ষার্থীদের ক্লাস কার্যক্রম সাময়িক স্থগিত করা হয়েছে। তদন্ত কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।